## ক্যানিং অঞ্চলের সকল শিক্ষা প্রতিষ্ঠানের এম. সি. মিটিং

মাননীয় বিশপ বারাকপুর ডায়োসিসের বিশপরূপে দায়িত্ব নেবার পর থেকে শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে তিনি সচেষ্ট। মাননীয় বিশপের উদ্যোগে গত ২৬ তারিখে ক্যানিং পাস্টোরেটের অন্তর্গত স্কুল এম. সি. মিটিং অনুষ্ঠিত হয় এবং তিনি প্রতিটি এম. সি. এর সাথে মিটিং-এ বসে স্কুলগুলির বিভিন্ন বিষয় নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। বিভিন্ন বিষয় শুনে প্রয়োজনীয় পরামর্শ দেন।

## কুমড়োখালি পাস্টোরেটে স্টুয়ার্ডশিপ প্রোগ্রাম



মাননীয় বিশপের উদ্যোগে ও পরিচালনার কুমড়োখালি পাস্টোরেটে গত ২৬ ও ২৭ তারিখে স্টুয়ার্ডশিপ প্রোগ্রাম অনুষ্ঠিত হলো। এই দুইদিন যাবত পাস্টরেটের পুরোহিত ও ইভানজেলিস্টগণ মিলে প্রতিটা সভ্য সভ্যাদের বাড়িতে ভিজিট করেন ও প্রার্থনা করেন এবং মাননীয় বিশপ উদ্দীপনা সভা পরিচালনা করেন এবং পবিত্র উপদেশ প্রচারের মাধ্যমে উপস্থিত ভক্ত মন্ডলীকে আত্মিকভাবে উদ্দীপিত করেন। মন্ডলীর পক্ষ থেকে আগত পুরোহিত ও বিশপ মশাইকে শুভেচ্ছা সম্মান জানানো হয়।

## সেন্ট পিটার্স ডে সেলিব্রেশন



মাননীয় বিশপের উদ্যোগে বারুইপুর পাস্টোরেটে ও গাঙরাই পাস্টোরেটে সেন্ট পিটার্স ডে পবিত্র ও শ্রদ্ধার সাথে উদযাপিত হলো। গত ২৯ তারিখে মাননীয় বিশপ সর্বপ্রথমে সকাল ৭ টার সময় বারুইপুর সেন্ট পিটার্স চার্চের ১৮০ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রভুর ভোজের উপাসনা পরিচালনা করেন। মাননীয় বিশপ সাধু পিতরের জীবন নিয়ে সুন্দর উপদেশ প্রদানের মাধ্যমে সকল উপাসকগণকে আত্মিকভাবে উদ্দীপিত করেন। উপস্থিত অতিথিগণকে মন্ডলীর পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয়। উপাসনার পরে কেক কাটা হয়। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আই সি এস ই, আই এস সি পরীক্ষায় কৃতি ৯ জন ছাত্রছাত্রীকে সংবর্ধনা জানানো হয়। এদের শংসাপত্র ও উপহার দেওয়া হয়। সান্ডে স্কুল মহিলা সমিতি খৃষ্টীয় সংস্কৃতি অনুষ্ঠান পরিবেশন করে। দুপুরে আহারের পর অনুষ্ঠান শেষ হয়। এছাড়াও ঐদিন কাঁচড়াপাড়া পাস্টোরেটের জোনপুর সেন্ট পিটার্স চার্চে সেন্ট পিটার্স ডে উদযাপিত হয় এবং মাননীয় বিশপ উপস্থিত ছিলেন।

## মহিলা সম্মেলন কাঁচড়াপাড়াতে



গত ২৯ তারিখে কাঁচড়াপাড়া পাস্টোরেটে অনুষ্ঠিত হলো মহিলা সম্মেলন। এই মহিলা সম্মেলনে মাননীয় বিশপ যোগ দেন খৃষ্টীয় উপদেশের মাধ্যমে মহিলাদের মন্ডলীতে অংশগ্রহণ ও গুরুত্ব বিষয় বলেন উপস্থিত মহিলা প্রতিনিধিগণ উদ্দীপিত হন। শতাধিক মহিলা প্রতিনিধি যোগ দিয়েছিলেন এই সম্মেলনে।

## গোসাবা পাস্টোরেটে ৪র্থ বর্ষ উদ্দীপনা সভা



গত ৮ ই জুন রবিবার ২০২৫ পবিত্র পঞ্চাশত্বমী দিবস উপলক্ষে প্রতি বছরের ন্যায় এই বছরও গোসাবা পাস্টোরেটের উদ্দীপনা সভা কমিটি, সারারাত ব্যাপী চতুর্থ বর্ষের উদ্দীপনা সভার আয়োজন করে, গোসাবা পাস্টোরেটের অন্তর্গত সেন্ট এন্ড্রুজ চার্চে।উক্ত অনুষ্ঠান ৮ই জুন ২০২৫ রবিবার বিকেল চারটে থেকে শুরু করে পরের দিন অর্থাৎ ৯ই জুন ২০২৫ মধ্যাহ্ন ভোজ পর্যন্ত এই সভা চলে।উক্ত সভা আমাদের মাননীয় বিশপ সুব্রত চক্রবর্তী ও ডায়োসিসের সহ সভাপতি রেভারেন্ড ডঃ সুরজিৎ সরকার, ডি এস শ্রী সুকল্যাণ হালদার এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গদের মধ্য দিয়ে সভার পতাকা উত্তোলনের মধ্য দিয়ে সভার শুভ সূচনা হয়। তারপর কীর্তন সহকারে পথ পরিক্রমার মধ্য দিয়ে সকল গ্রামবাসীর কাছে পৌঁছে দেওয়া হয় প্রভু যীশুর অফুরন্ত ভালোবাসার বাণী। প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে সভার উদ্বোধন করেন মাননীয় বিশপ মশাই ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গেরা। মাননীয় বিশপ ও পুরোহিতবর্গেরা প্রাণবন্ত প্রভুর বাক্যের দ্বারা সকল ভক্তজনকে অনুপ্রাণিত করেন এবং মধ্যরাতে শ্রী পরম ভট্টাচার্য তার জীবন্ত সাক্ষ্য, গান ও প্রচারের মধ্য দিয়ে সকল মানুষকে আত্মিকভাবে অনুপ্রাণিত করেন। রাত্রে পালাকীর্তন পরিবেশিত হয়।সকালে মাননীয় বিশপ প্রাণবন্ত প্রভুর বাক্য প্রচার করেন ও প্রভুর ভোজ উৎসর্গের মধ্য দিয়ে সকল মানুষকে আত্মায় উদ্দীপ্ত করেন। খৃষ্টীয় প্রচার ও অনুষ্ঠান হয়েছিল। শ্রী পরম ভট্টাচার্যের বিশেষ গান ও প্রার্থনার মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষনা হয়। উক্ত সভায় প্রায় ৯০০ জন বিশ্বাসী গোসাবা তথা ডায়োসিসের অন্যান্য স্থান থেকে এসেছিল ।সকল বিশ্বাসী বর্গ জানায় যে তারা প্রত্যেকে আমাদের মহামান্য বিশপ মহোদয়ের নেতৃত্বে এই সভার দ্বারা ঈশ্বরের আত্মায় উদ্দীপ্ত হয়েছেন। সমগ্র উদ্দীপনা সভা পরিচালনা করেন প্রেসবিটার ইনচার্য রেভারেন্ড বিশ্বরূপ চ্যাটার্জি।

Send in your contributory articles along with photographs to:
Tell It Out
Bishop's Lodge, 86 Middle Road, Barrackpore, Kolkata-700120, West Bengal, India
Office Phone No- +913325920147; Email: tellitout@rediffmail.com
+917501556971
Website: dioceseofbarrackpore.org.in
The Editor reserves the right to edit contributory articles.
Published by: The Rt. Revd. Subrata Chakrabarty, Bishop, Diocese of Barrackpore, Church of North India
Edited by: Mr. Johnson Sandip of the Diocese of Barrackpore, CNI
Printer : William Carey Press, Barrackpore



# Tell It Out

The Monthly Newsletter of the Diocese of Barrackpore, CNI

Volume 56 | For private circulation only | Estd.1951 | June 2025

## বিশপের পত্র || গ্রীন ডায়োসিস মুভমেন্ট সফল করুন ||



### সকলকে নমস্কার জয় যীশু

**"তোমাদের সমস্ত হৃদয় ও সমস্ত প্রাণের সহিত তোমাদের ঈশ্বর সদাপ্রভুকে প্রেম ও তাঁহার সেবা কর, তবে আমি যথাসময়ে অর্থাৎ প্রথম ও শেষ বর্ষায় তোমাদের দেশে বৃষ্টি দান করিব। তাহাতে তুমি আপন শস্য, দ্রাক্ষারস ও তৈল সংগ্রহ করিতে পারিবে"। - দ্বিতীয় বিবরণ ১১ অধ্যায় ১৩-১৪ পদ**

বারাকপুর ডায়োসিসের প্রিয় – সভ্য – সভ্যাগণ প্রভু যীশু খৃষ্টের নামে আপনাদের প্রতি শুভেচ্ছা ও সম্মান এবং প্রণাম জানাই, ৫ ই জুন বিশ্ব পরিবেশ দিবস। অর্থাৎ সারা বিশ্বের পরিবেশ যেন সুস্থ সুন্দর থাকে সেই বিষয়ে মানুষকে সচেতন করার দিন। বিশ্ব পরিবেশ কলুষিত ও দূষিত হচ্ছে দিন – প্রতিদিন। বাতাসে কার্বনের মাত্রা বেড়ে যাচ্ছে। যা সমগ্র সৃষ্টির পক্ষে ক্ষতিকারক ও ধ্বংসকারক। একে প্রতিহত করার উপায় হচ্ছে কার্বনের মাত্রা কমিয়ে মানুষের জীবনধারণের জন্য প্রয়োজনীয় অক্সিজেন উৎপাদন করা। এই অক্সিজেন উৎপাদনের জন্য প্রচুর গাছ-গাছালি দরকার। কেননা একমাত্র গাছই আমাদের অক্সিজেন যোগান দিয়ে থাকে । বিশ্ব পরিবেশ দিবস সেইদিন সৃষ্টি হয়েছিল যেদিন সদাপ্রভু ঈশ্বর সমগ্র বিশ্বের জন্য প্রকৃতি ও সবুজ বনানীর সৃষ্টি করেছিলেন। যা দেখে পরম পিতা ঈশ্বর মুগ্ধ হয়ে বলেছিলেন – 'সে সকল উত্তম' । আমরা খৃষ্টবিশ্বাসী ভাই বোনেরা আমাদের ঈশ্বর আমাদের জন্য এই সুন্দর সবুজ প্রকৃতি উপহার দিয়েছেন । যা থেকে আমরা আমাদের জীবনের প্রয়োজনীয় – ফুল, ফল, ওষুধ, খাদ্য ব্যবহার সামগ্রী, জ্বালানী, বাসস্থান সহ এক কথায় মানবিক জীবনের সত্তর শতাংস চাহিদা পূরণ হয়। এই সবুজ প্রকৃতি বৃদ্ধি করার দায়িত্ব দিয়েছেন, তাকে যেন আমরা মান্যতা দিয়ে আরো এগিয়ে নিয়ে যেতে পারি। কিভাবে এই সবুজ প্রকৃতিকে আরো সবুজতর করতে পারি ?

**প্রিয় সভ্য – সভ্যাগণ**, ডায়োসিসের সকল কমিটি ও প্রত্যেকটি প্রতিষ্ঠান আপনাদের কাছে আমার আবেদন আপনারা সকলে এগিয়ে আসুন আর চার্চ প্রাঙ্গণে, কবরস্থানে, স্কুলে স্কুলে, বাড়িতে বাড়িতে, বিভিন্ন ধরনের 'গাছলাগান'। 'গাছ উপহার দিন'। ভালোবেসে প্রিয়জনকে গাছ উপহার দিন। তেমনি ভালোবেসে ঈশ্বরের উদ্দেশ্যে পরিবারের প্রত্যেক সদস্যের নামে একটি করে গাছ চার্চকে দান করুন ও চার্চ প্রাঙ্গণে নিয়ে এসে লাগিয়ে দিন চার্চ কমিটির পরামর্শ অনুযায়ী বা নির্দিষ্ট স্থানে। বিভিন্ন অনুষ্ঠানে ফুলের তোড়া দেওয়ার পরিবর্তে টব সহ গাছ বা বিভিন্ন প্রজাতির গাছ উপহার দেওয়া শুরু করুন। ফুলের তোড়া দিলে আপনার ভালোবাসার গুরুত্ব অনুষ্ঠান পর্যন্ত তারপরে ফেলে দেওয়া হবে। আপনার উপহার স্বরূপ টব সহ গাছ বা অন্যান্য গাছ উপহার দিলে সেই বাড়িতে আপনার ভালোবাসার গাছ থেকে যাবে। তাই আপনার ভালোবাসার স্বরূপ গাছ উপহার দেওয়ার ট্রাডিশন তৈরী হোক। পরিবেশ দিবস শুধুমাত্র একদিন নয়, শুধুমাত্র জুন মাস নয় কিন্তু ঈশ্বরের সৃষ্টিকে সম্মান জানিয়ে সারা বছর আমরা গাছ লাগিয়ে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করতে পারি। তবেই এই দিবসের প্রকৃত তাৎপর্য প্রতিষ্ঠিত হবে।

যাতে আমাদের পরম শ্রদ্ধেয় মিশনারীরা ও অনেক সভ্য – সভ্যাগণ তারা চার্চ প্রাঙ্গণে প্রতি বছরে বিভিন্ন ধরনের মূল্যবান ফল ও কাঠের গাছ ও অর্থকরী বাঁশগাছ লাগিয়ে আমাদের বহু পাস্টোরেট বা মিশন প্রাঙ্গণকে প্রাকৃতিক সৌন্দর্যে ও আর্থিকভাবে সাজিয়ে দিয়ে গেছেন। কিন্তু যখনই আমাদের স্থানীয় ভাবে অর্থের প্রয়োজন হয়েছে ও হয় তখনই গাছ কেটে বিক্রি করে অনেক ছোটো ছোটো প্রয়োজনীয় সমস্যার সমাধান করি। ইতিমধ্যে অনেক গাছ কেটে ফেলেছি। তাই প্রতিটি পাস্টোরেট কমিটি, প্রত্যেক পাদ্রীবাবুদের গাছ লাগাতে বলছি। আমরা চাই আমাদের ডায়োসিস – '**গ্রীন ডায়োসিস**' হয়ে উঠুক। এই বছরে আমাদের ডায়োসিসের লক্ষ্য মাত্রা হচ্ছে ২৮ টি গৃহী মন্ডলী ২৬ টি পাস্টোরেট ও ১০৮ টি মন্ডলী এবং ৪৫ টার কাছে সরকারী বেসরকারী স্কুল মিলে মিলে কমপক্ষে ৫০ হাজার গাছ লাগিয়ে তাকে যত্ন করুন। বিশপ বলেছেন বলে লাগাতে হয় লাগাচ্ছি দয়া করে তা করবেন না। আমরা চাই আমাদের ডায়োসিসের ভিতরে '**গ্রীন ডায়োসিস মুভমেন্ট**' সফল হোক। সমগ্র ডায়োসিস জুড়ে এই বছরে ৫০ হাজার গাছ লাগানো সম্ভব হবে আপনাদের উৎসাহ ও সহযোগিতায়। যীশু বাবা আপনাদের সকলকে ভালো রাখুন, সুস্থ রাখুন, সুরক্ষিত রাখুন। আমেন।

**আপনাদের সেবক**
**বিশপ সুব্রত চক্রবর্ত্তী**
**বারাকপুর ডায়োসিস**
**চার্চ অফ নর্থ ইন্ডিয়া**

# সম্পাদকীয় || ডায়োসিসের উন্নয়নে সহযাত্রী হন ||



মাননীয় ডায়োসিসের সভ্য-সভ্যাগণ,

প্রভু যীশু খৃষ্টের নামে আপনাদের শুভেচ্ছা নমষ্কার সন্মান ও প্রনাম জানাই। ডায়োসিসের জীবনে আমরা সকলে সহযাত্রী। আসুন ডায়োসিসের উন্নয়ণে আমরা সকলে ভেদাভেদ দ্বন্দ্ব ভুলে নতুন নতুন কর্মসূচী গ্রহণ করি ও তাকে সফল করতে এগিয়ে আসি। আপনাদের সুপরামর্শ সহযোগীতা সাহায্য একান্তভাবে প্রার্থনা করি। আপনাদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া ডায়োসিসের সকল প্রকার উন্নয়ণ সম্ভব নয়। সারাটি বছর আপনাদের জীবনে সুখ-শান্তি-সুসাস্থ্য সমৃদ্ধপূর্ণ হোক এই কামনা করি। আপনাদের মঙ্গল হোক।

খৃষ্টীয় শুভেচ্ছান্তে

সুকল্যাণ হালদার

সম্পাদক, বারাকপুর ডায়োসিসান কাউন্সিল

## সি এন আই লেভেলের প্রেয়ার মিটিং

গত ৬ তারিখে সি এন আই লেভেলের প্রেয়ার মিটিং অনলাইনে অনুষ্ঠিত হলো। মাননীয় বিশপের উদ্যোগে ডায়োসিসের সকল পুরোহিত ও সাধারণ সভ্য-সভ্যারা মিলে প্রায় ১০০ জনার উপরে এই অনলাইন প্রেয়ার মিটিং এ যোগ দেন। বিশপ এড্রু রাঠোর এই উপাসনার তারিফ করেন ও Special Messege পাঠান এবং এর আগে পর্যন্ত এতলোক এই ধরনের প্রোগ্রামে যোগ দেননি।

## পেন্টিকস্টাল সার্ভিশ রামমাখাল চকে



গত ৮ তারিখে মাননীয় বিশপের উদ্যোগে জিয়াদারগোট পাস্টোরেটের রামমাখাল চক মন্ডলীতে সন্ধ্যা ৬.৩০ মিনিটে পবিত্র উপাসনা অনুষ্ঠিত হয়। মাননীয় বিশপ এই পবিত্র উপাসনাতে যোগ দিয়ে উপদেশ প্রদান করে উপস্থিত ভক্ত মন্ডলীকে আত্মিকভাবে উজ্জীবিত

## শিশুর অন্নপ্রাশনে বিশপ আশীর্বাদ করলেন



গত ৮ই জুন মাননীয় বিশপ গোসাবা পাস্টোরেটের শ্রী পুলক নস্করের নাতি প্রত্যয় নস্করের শুভ অন্নপ্রাশন অনুষ্ঠানে উপস্থিত হন এবং শিশুটিকে আশীর্বাদ করেন ধর্মীয়ভাবে এবং উপস্থিত সকলকে খৃষ্টীয় উপদেশের মাধ্যমে উজ্জীবিত করেন।

## মেটিয়াব্রুজ পাস্টোরেটের পবিত্র হস্তার্পণ অনুষ্ঠিত হলো



গত ১৫ তারিখে মেটিয়াব্রুজ পাস্টোরেটের অধীন বজবজ সি এন আই চার্চে পবিত্র হস্তার্পণ অনুষ্ঠিত হলো। মাননীয় বিশপ পবিত্র প্রভুর ভোজের উপাসনায় প্রভুর ভোজ সম্পাদনা করেন এবং আত্মিক উপদেশ প্রদানের মাধ্যমে উপস্থিত প্রার্থীদের তিনি আহ্বান জানান যেন তারা আগামী দিনে সৎ ও প্রকৃত খৃষ্টের সন্তানরূপে নিজেদের গড়ে তুলবে ও ডায়োসিসের যোগ্য সভ্য-সভ্যারূপে ডায়োসিসের উন্নয়নে নিজেদের যুক্ত করবেন। ২২ জনকে হস্তার্পিত করা হয়। উপস্থিত ছিলেন ডি এস শ্রী সুকল্যাণ হালদার। উপাসনা পরিচালনা করেন রেভারেন্ড সুব্রত মল্লিক।

## বামনপুকুরে নতুন পুরোহিত ভবনের শুভারম্ভ



মাননীয় বিশপ বারাকপুর ডায়োসিসের দায়িত্ব নেবার পর থেকেই ডায়োসিসের সার্বিক উন্নয়ন (জাগতিক ও আত্মিক) দ্রুত বৃদ্ধি পেয়েছে। ডায়োসিসের প্রতিটা পাস্টোরেটের বিভিন্ন মন্ডলীতে নিয়মিতভাবে উন্নয়নের ধারা অব্যাহত আছে। গত ১৫ই জুন তারিখে মাননীয় বিশপের উদ্যোগে ক্যানিং পাস্টোরেটের অন্তর্গত বামনপুকুর মন্ডলীতে নতুন পুরোহিত ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মাননীয় বিশপ এবং ডি এস শ্রী সুকল্যাণ হালদার।



## বিশপ ভিজিট করলেন সেন্ট স্টিফেন'স স্কুল মগরাহাট, বারুইপুর

মাননীয় বিশপ বারাকপুর ডায়োসিসের শিক্ষার উন্নয়নে নিষ্ঠার সাথে কাজ করছেন সেই কারণে তিনি নিয়মিতভাবে সরকারী বেসরকারীভাবে স্কুলগুলি ভিজিট করে থাকেন। গত ১৭ তারিখে মাননীয় বিশপ সকাল ৯ টার সময় মগরাহাট সেন্ট স্টিফেন্স স্কুল ভিজিট করেন এরপরে তিনি যান বারুইপুর সেন্ট স্টিফেন্স স্কুলে সেখানে ভিজিট করেন এবং স্কুলের বিভিন্ন বিষয় ঘুরে ঘুরে দেখেন।

## কেওড়াপুকুর অঞ্চলে অল স্কুল এম. সি. মিটিং হলো

গত ১৮ তারিখে মাননীয় বিশপ কেওড়াপুকুর পাস্টোরেটের অন্তর্গত স্কুলগুলির এম. সি. মিটিং অনুষ্ঠিত হলো। ঐদিন স্কুলগুলির এম. সি. মিটিং-এ যোগ দেন মাননীয় বিশপ এবং স্কুলগুলির বিভিন্ন বিষয় মন দিয়ে শোনেন এবং প্রয়োজনীয় পরামর্শ দেন।

## DWFCS এর EC মিটিং হলো



গত ২০ তারিখে মাননীয় বিশপের উদ্যোগে ডায়োসিসের ব্রায়ান হলে অনুষ্ঠিত হলো DWFCS এর শেষ ইসি মিটিং। ঐদিন মাননীয় বিশপের প্রার্থনার দ্বারা মিটিং শুরু হয় এবং DWFCS এর আগামী কর্মসূচী সম্পর্কে প্রয়োজনীয় মূল্যবান মতামত ও পরামর্শ দেন।

## শিকারপুর পাস্টোরেটের হস্তার্পণ অনুষ্ঠান



গত ২২ তারিখে রবিবার ক্রাইস্ট চার্চে শিকারপুর পাস্টোরেটে পবিত্র হস্তার্পণের উপাসনা অনুষ্ঠিত হয়। বারাকপুর ডায়োসিসের মাননীয় বিশপ সুব্রত চক্রবর্তী পবিত্র উপাসনায় প্রভুর ভোজের বাক্য প্রচার করেন ও হস্তার্পণ প্রার্থীদের তিনি প্রস্তুতিপর্ব পরীক্ষা করেন ও তাদের আহ্বান জানান যেন আগামী দিনে তারা ডায়োসিসের বিশ্বস্ত যোগ্য সভ্যরূপে ডায়োসিসের সার্বিক উন্নয়ন ও সেবাতে অংশগ্রহণ করেন। ঐদিন ৭ জন যুবক ও ৫ জ যুবতী এবং চাপড়া পাস্টোরেটের ২ জন প্রার্থী মোট ১৪ জন হস্তার্পিত হন। উপাসন পরিচালনা করেন রেভারেন্ড শান্ত বর। ঐদিন মাননীয় বিশপ সেন্ট স্টিফেন্স স্কু করিমপুর ভিজিট করেন ও স্কুলের বর্তমান পরিস্থিতি দেখেন।

## বিশপ চক্রবর্তী ক্রিকেট কোচিং সেন্টার



বারাকপুর ডায়োসিসের উন্নয়নের মুকুটে একটি নতুন রত্ন সংযোজিত হলো। গত ২১ তারিখে নদীয়া জেলার ক্রাইস্ট চার্চ সেকেন্ডারী স্কুলে (কো-এড) উদ্বোধিত হলো **"বিশপ চক্রবর্তী ক্রিকেট কোচিং সেন্টার"**। মহাসমারোহে উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মাননীয় বিশপ প্রারম্ভিক প্রার্থনা করেন এবং তারপরে প্রদীপ প্রজ্জ্বলন করেন। তারপরে পতাকা উত্তোলন করেন। স্কুলের পক্ষে মাননীয় বিশপ ও অন্যান্য অতিথিদের সম্মান ও সংবর্ধনা জানানো হয়। মাননীয় বিশপ তাঁর সংক্ষিপ্ত ও মূল্যবান বক্তব্যের মধ্য দিয়ে যেন এলাকার ক্রিকেট খেলার উন্নয়ন ঘটে ও ভবিষ্যতে যেন তাদের ক্যারিয়ার গড়তে সাহায্য করবে সেই আবেদন। এরপরে মূল ক্রিকেট পিচের কাছে যান ও ফিতে কেটে উদ্বোধন করেন। তারপরে সকলের অনুরোধে মাননীয় বিশপ ব্যাট করে শুভ সূচনা করেন। সমগ্র ব্যবস্থাপনার জন্য মাননীয় বিশপ স্কুলের বর্তমান সেক্রেটারী রেভারেন্ড সুজয় কুমার বিশ্বাসকে প্রশংসা শুভেচ্ছা জানিয়েছেন। উপস্থিত ছিলেন ডায়োসিসের উচ্চ নেতৃত্ব, স্কুলের শিক্ষক ও কর্মীগণ, ছাত্র-ছাত্রী ও অভিভাবক বৃন্দ।

## ভেলোর সি. এম. সি চ্যাপেলে বিশপের প্রচার



মাননীয় বিশপ সুব্রত চক্রবর্তী প্রথম বাঙালি বিশপ যিনি গত ১৩ তারিখে বিখ্যাত ভেলোর খৃষ্টীয়ান মেডিক্যাল কলেজ হাসপাতালের অত্যন্ত পবিত্র ও জনপ্রিয় ভক্তিস্থান চ্যাপেলে তিনি সকল সম্প্রদায়ের মানুষের কাছে প্রভু যীশু খৃষ্টের বাণী প্রচার করেন ও ঈশ্বরের কাছে প্রার্থনা করলে যে আরোগ্য লাভ হয় সেই বিষয়ে উপদেশ দান করেন। বহু অসুস্থ পীড়িত মানুষ মাননীয় বিশপের প্রচারে মানসিকভাবে তারা সুস্থ হওয়ার সাহস সঞ্চয় করেছেন এবং অনেকেই ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

## একদিনের বিশেষ শিশু সম্মেলন



গত ৩১ শে মে দমদম পাস্টোরেটের সান্ডে স্কুলের উদ্যোগে সেন্ট স্টিফেন্স স্কুলের কেরী হলে বারাকপুর এবং কেওড়াপুকুর অঞ্চলের ১০ টি পাস্টোরেট থেকে আগত ২১৭ জন শিক্ষার্থী এবং শিক্ষক-শিক্ষিকার উপস্থিতিতে একদিনের বিশেষ শিশু সম্মেলন অনুষ্ঠিত হলো। অনুধ্যান ছিল 'ঈশ্বর কুমোর, আমরা মাটি'। সম্মেলন উদ্বোধন করেন ভিপি রেভারেন্ড ড: সুরজিৎ সরকার, ডি এস সুকল্যাণ হালদার। বক্তা হিসাবে উপস্থিত ছিলেন রেভারেন্ড সৌমেন মন্ডল, রেভারেন্ড অরবিন্দ মন্ডল। কুইজ কম্পিটিশন, ম্যাজিক শো, সংগীত ও নৃত্য পরিবেশনা, সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন শ্রীমতি তনুশ্রী হালদার।